# অধ্যায়-১: গৃহ সম্পদের সুষ্ঠু ব্যবহার

**★★ পাঠ-১ গৃহ সম্পদ | Text পৃষ্ঠা-২**

১. আমাদের সকল চাহিদা পূরণের হাতিয়ার কোনটি? */স. বো. ২০১৪/*
ⓚ অর্থ ⓚ গৃহ ⓖ সময় ⓖ সম্পদ — **ঘ**

২. সম্পদের সঠিক ব্যবহার একান্ত প্রয়োজন কেন? (অনুধাবন) *গভ. মুজিব গার্লস হাই স্কুল, ব্রাহ্মণবাড়িয়া/*
ক বিলাসবহুল জীবনযাপনে
খ পারিবারিক লক্ষ্য অর্জনে
গ অর্থ উপার্জনে
ঘ মানসিক প্রশান্তির জন্যে — **খ**

৩. গৃহ ব্যবস্থাপনায় কীসের ব্যবহার অপরিহার্য? (অনুধাবন)
ক গৃহ ব্যবস্থাপকের খ গৃহ সম্পদের
গ বাজেটের ঘ সৃজনশীলতার — **খ**

৪. কোনটি ছাড়া পরিবারের কোনো সিদ্ধান্ত কার্যকর সম্ভব নয়? (অনুধাবন)
ক গৃহ সম্পদ খ বাজেট
গ সময় তালিকা ঘ শক্তি ব্যবস্থাপনা — **ক**

৫. মানুষের চাহিদা পূরণ সম্ভব হয় দ্রব্যের কোন গুণ দ্বারা? (অনুধাবন)
ক উপযোগ খ সীমাবদ্ধতা
গ ক্ষমতাধীনতা ঘ মালিকানাধীনতা — **ক**

৬. সকল সম্পদেরই কম বেশি কোনটি রয়েছে? ★ (জ্ঞান) */বি কে জি সি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ; ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা/*
ক চাহিদা খ মূল্য
গ সীমাবদ্ধতা ঘ উপযোগিতা — **ঘ**

৭. সম্পদের উপযোগ বলতে কী বোঝায়? ★ (অনুধাবন) */নবাবগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁপাইনবাবগঞ্জ; লক্ষ্মীপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়/*
ক সীমাবদ্ধতা
খ মূল্য
গ প্রয়োজন মেটানোর ক্ষমতা
ঘ মালিকানাধীনতা — **গ**

৮. টেবিল চেয়ারকে সম্পদ বলা হয় কেন? ★ (অনুধাবন) */সরকারি পি এন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী/*
ক এগুলো যৌথ সম্পদ বলে
খ এগুলো ক্রয় করতে অর্থ ব্যয় হয় বলে
গ এগুলো ব্যবহার করে পড়ালেখা করা হয় বলে
ঘ এগুলো ঘরের সৌন্দর্য বৃদ্ধি করে বলে — **গ**

৯. বস্তুগত সম্পদের মধ্যে টাকা-পয়সাকে সবচেয়ে মূল্যবান ও কার্যকর সম্পদ বলা হয় কেন? (অনুধাবন)
ক অর্থের বিনিময়ে বস্তুগত সম্পদ সংগ্রহ করা হয় বলে
খ অর্থের মাধ্যমে লক্ষ্য অর্জিত হয় বলে
গ অর্থের মাধ্যমে সন্তুষ্টি লাভ হয় বলে
ঘ অর্থ পরিমাপ করা যায় না বলে — **ক**

১০. 'সকল সম্পদই সীমিত'। বাক্যটিতে কী প্রকাশ পেয়েছে? (উচ্চতর দক্ষতা)
ক সম্পদের বৈশিষ্ট্য
খ সম্পদের প্রয়োজনীয়তা
গ সম্পদের শ্রেণিবিভাগ
ঘ সম্পদের ব্যবহার — **ক**

১১. সম্পদের বৈশিষ্ট্য কোনটি? ★ (অনুধাবন) */ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা/*
ক সীমাবদ্ধতা খ অনুপযোগিতা
গ মালিকানাহীনতা ঘ সম্পর্কহীনতা — **ক**

১২. মানবীয় সম্পদগুলোকে হস্তান্তর করা যায় না কেন? (উচ্চতর দক্ষতা)
ক পরিমাপ করা যায় না বলে
খ মানুষের অন্তর্নিহিত গুণ বলে
গ সীমাবদ্ধ বলে
ঘ মূল্যবান সম্পদ বলে — **খ**

১৩. 'ক' সম্পদ দেখা যায় না। এখানে উল্লিখিত 'ক' সম্পদের সাথে কোন সম্পদের মিল রয়েছে? (অনুধাবন)
ক অলঙ্কার খ জমি
গ বিদ্যা ঘ অর্থ — **গ**

১৪. মানুষের অন্তর্নিহিত গুণাবলি কোনটি? ★ (জ্ঞান) */কক্সবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা/*
ক অর্থ খ শক্তি গ সময় ঘ সরঞ্জাম — **খ**

১৫. অনুশীলন দ্বারা কোন সম্পদ বৃদ্ধি করা যায়? (অনুধাবন)
ক অর্থ খ সময়
গ শক্তি ঘ মনোভাব — **গ**

১৬. গৃহ সম্পদ কত প্রকার? ★ (জ্ঞান) */উত্তরা হাই স্কুল, ঢাকা; অগ্রগামী সরকারি উচ্চ বিদ্যালয়, সিলেট/*
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫ — **ক**

১৭. কোনটি মানবীয় সম্পদ? */অনুশীলনী-১/*
ক অর্থ খ পার্ক
গ শক্তি ঘ গয়না — **গ**

১৮. কোনটি মানবীয় সম্পদ? */স. বো. ২০১৫/*
ক ঘর খ অর্থ
গ জমি ঘ জ্ঞান — **ঘ**

১৯. কোন ধরনের সম্পদ দেখা যায় ও পরিমাপ করা যায়? (অনুধাবন)
ক মানবীয় সম্পদ খ বস্তুগত সম্পদ
গ খনিজ সম্পদ ঘ প্রাকৃতিক সম্পদ — **খ**

২০. কোনটি বস্তুগত সম্পদ? */স. বো. ২০১৩/*
ক অর্থ খ সময় গ শক্তি ঘ মনোভাব — **ক**

২১. তমার অর্থ, ঘড়ি মোবাইল আছে। এগুলো তমার কী সম্পদ? (প্রয়োগ) */[illegible] পাবলিক স্কুল এন্ড কলেজ, [illegible]/*
ক বস্তুগত সম্পদ খ অবস্তুগত সম্পদ
গ স্থায়ী সম্পদ ঘ অস্থায়ী সম্পদ — **ক**

২২. হস্তান্তরযোগ্য সম্পদ কোনটি? */স. বো. ২০১৪/*
ক দক্ষতা খ সরঞ্জাম
গ বুদ্ধিমত্তা ঘ মনোযোগ — **খ**

২৩. কোন সম্পদগুলো পরিমাপ করা যায়? (অনুধাবন)
ক মেধা, শক্তি, দক্ষতা
খ সামর্থ, আসবাব, মনোভাব
গ অর্থ, গয়না, বুদ্ধি
ঘ জমি-জমা, অর্থ, সামাজিক সুবিধাদি — **ঘ**

২৪. সবচেয়ে কার্যকরী সম্পদ কোনটি? */স. বো. ২০১৪/*
ক বাড়ি খ জমি
গ অর্থ ঘ গয়না — **গ**

২৫. কীসের বিনিময়ে আমরা বস্তুগত সম্পদ সংগ্রহ করি? ★ (অনুধাবন) */কক্সবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়/*
ক মেধা খ শক্তি গ দক্ষতা ঘ অর্থ — **ঘ**

২৬. সম্পদের কোন ধরনের ব্যবহারে লক্ষ্য অর্জন সম্ভব হয়? (অনুধাবন)
ক একক ব্যবহারে খ যৌথ ব্যবহারে
গ বেশি ব্যবহারে ঘ সীমিত ব্যবহারে — **খ**

Teachingbd.com

নিচের কোনটি সঠিক ?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

৩৫. যেকোনো কাজ করতে গেলে প্রয়োজন— (অনুধাবন)

i. অর্থের
ii. সময়ের
iii. শক্তির

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৩৬. পারিবারিক লক্ষ্য অর্জনের জন্য প্রয়োজন— (অনুধাবন)

i. মানবীয় সম্পদের ব্যবহার
ii. বস্তুগত সম্পদের ব্যবহার
iii. কম পরিশ্রম করা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও:**

মিতা তার জামাতে চুমকি ও পাথর বসিয়ে ডিজাইন করতে চাইল। তার মা তাকে দেখিয়ে দিলেন। মিতা নিজে সেলাই করতে গিয়ে অধৈর্য হয়ে পড়ল কারণ ডিজাইনটা ভালো হচ্ছিল না।

৩৭. **মিতার কাজের ক্ষেত্রে কোনটির অভাব ছিল?** (প্রয়োগ)

ক বুদ্ধিমত্তা খ শক্তি
গ আগ্রহ ঘ অনুশীলন **ঘ**

৩৮. **মিতা ধৈর্য সহকারে কাজ করলে অর্জন করতে পারত—** (উচ্চতর দক্ষতা)

i. জ্ঞান ii. দক্ষতা
iii. শক্তি

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

**★★ পাঠ–২ সময় ও শক্তির পরিকল্পনা | Text পৃষ্ঠা-৪**

৩৯. **পরিকল্পিতভাবে কাজ করলে কোনটির সাশ্রয় সম্ভব?** *[সি. বো. ২০১৪]*

ক অর্থ ও সময় খ সময় ও দক্ষতা
গ দক্ষতা ও সামর্থ্য ঘ সামর্থ্য ও জ্ঞান **ক**

৪০. **শক্তির সদ্ব্যবহারে কোনটি প্রয়োজন?** (জ্ঞান)

ক অর্থ খ জ্ঞান
গ পরিকল্পনা ঘ সম্পদ **গ**

৪১. **কোন সম্পদ সবার জন্যে সমান ও সীমিত?** ★ (জ্ঞান) *[সিলভার বেলস গার্লস হাইস্কুল, চট্টগ্রাম; বাগেরহাট সরকারি উচ্চ বিদ্যালয়]*

ক অর্থ খ সময় গ শক্তি ঘ সামর্থ্য **খ**

৪২. **কোন সম্পদটি বাড়ানো বা কমানো যায় না?** (জ্ঞান)

ক অর্থ খ শক্তি গ সময় ঘ জ্ঞান **গ**

৪৩. **জীবনে সফলতা আনার জন্যে কোন সম্পদের যথাযথ ব্যবহার প্রয়োজন?** (জ্ঞান)

ক জমি খ অর্থ গ সময় ঘ শক্তি **গ**

৪৪. **লক্ষ্যকে সামনে রেখে যেকোনো কাজ করতে গেলে একই সাথে ব্যবহার করতে হয় কোনগুলো?** (অনুধাবন) *[ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]*

ক সময় ও শক্তি খ জ্ঞান ও সময়
গ অর্থ ও শক্তি ঘ সময় ও অর্থ **ক**

৪৫. **করণীয় কাজ সম্পর্কে ধারণা হয় কোনটির মাধ্যমে?** ★ (জ্ঞান) *[বি কে জি সি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ]*

ক বাজেট খ সময় তালিকা
গ শক্তি ব্যবস্থাপনা ঘ বাজারের তালিকা **খ**

২৭. **সকল সম্পদের সদ্ব্যবহার নিশ্চিত করতে হয় কেন?** (অনুধাবন) *[বাংলাদেশ নৌবাহিনী স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম]*

ক পারিবারিক লক্ষ্য অর্জনের জন্য
খ মানসিক প্রশান্তির জন্য
গ গৃহ পরিবেশের নিরাপত্তার জন্য
ঘ প্রাথমিক চিকিৎসার উদ্দেশ্যে **ক**

২৮. **সীমিত সম্পদ দ্বারা কীভাবে সর্বোচ্চ সন্তুষ্টি লাভ করা যায়?** ★ (অনুধাবন) *[সরকারি পি এন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী; খাগড়াছড়ি সরকারি উচ্চ বিদ্যালয়]*

ক সম্পদ সঞ্চয় করে
খ পরিকল্পনার মাধ্যমে ব্যবহার করে
গ সম্পদের ব্যবহার কমিয়ে
ঘ অন্যকে ধার দিয়ে **খ**

২৯. **প্রতিটি ব্যক্তির বিভিন্ন মানবীয় গুণ রয়েছে, যা তার সম্পদের ভাণ্ডারকে আরও সমৃদ্ধ করে। এরূপ গুণগুলো হলো—** (অনুধাবন) ★ *[বর্ডার গার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট]*

i. শক্তি
ii. দক্ষতা
iii. মনোভাব

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

৩০. **নির্দিষ্ট লক্ষ্যে পৌছানোর জন্যে গৃহ সম্পদসমূহ ব্যবহার করা হয়—** (অনুধাবন) *[ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]*

i. সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে
ii. সংগঠনের মাধ্যমে
iii. নিয়ন্ত্রণের মাধ্যমে

কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৩১. **সম্পদের মৌলিক বৈশিষ্ট্য হলো—** ★ (অনুধাবন) *[সরকারি এস সি বালিকা উচ্চ বিদ্যালয়, সুনামগঞ্জ]*

i. উপযোগিতা ii. সীমাবদ্ধতা
iii. সম্পর্কযুক্ততা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৩২. **সীমাবদ্ধতা থাকলেও কোনো কোনো সম্পদ বৃদ্ধি করা যায়—** (অনুধাবন) *[বিন্দুবাসিনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল]*

i. চর্চার মাধ্যমে
ii. উপযোগিতার মাধ্যমে
iii. অনুশীলনের মাধ্যমে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

৩৩. **সম্পদের ধরন, পরিমাণ সম্পর্কে সঠিক ধারণার অভাব থাকলে—** (অনুধাবন)

i. সম্পদের অধিক ব্যবহার হয়
ii. অনেকে লক্ষ্য অর্জন করতে পারে না
iii. অজানা সম্পদ ব্যবহার করতে পারে না

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **খ**

৩৪. **বস্তুগত সম্পদগুলো হলো—** (অনুধাবন)

i. অর্থ
ii. শক্তি
iii. বাড়ি

http://teachingbd.com

৪৬. সময়মতো কাজ করার অভ্যাস গড়ে ওঠে কেন? (অনুধাবন)
ক) বেশি কাজ করা যায় বলে
খ) কাজের সময় নির্ধারিত বলে
গ) কাজ সুন্দর হয় বলে
ঘ) যেকোনো সময় কাজ করা যায় বলে — খ

৪৭. প্রতিটি কাজে কতটুকু সময় ব্যয় হবে তা কোনটির মাধ্যমে জানা যাবে? (অনুধাবন)
ক) সময় তালিকা খ) বাজেট
গ) শক্তি পরিকল্পনা ঘ) ক্লাস রুটিন — ক

৪৮. আইরিন ধীরগতিতে কাজ করে। তার কাজে দক্ষতা ও গতিশীলতার জন্যে কোনটি দরকার? (প্রয়োগ)
ক) কাজের লোক রাখা
খ) কাজ কমিয়ে দেওয়া
গ) সময় তালিকা মেনে চলা
ঘ) ঘড়ি ধরে কাজ করা — গ

৪৯. বিশ্রাম ও অবসর বিনোদন করা সম্ভব হবে কোনটি করলে? (অনুধাবন)
ক) সময় তালিকা মেনে চললে
খ) হালকা কাজ করলে
গ) কাজ না করলে ঘ) ইচ্ছামতো কাজ করলে — ক

৫০. দৈনিক করণীয় কাজগুলো নির্ধারণ করা কোনটির বিবেচ্য বিষয়? ★ (অনুধাবন) /মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা/
ক) সময় তালিকার খ) অর্থ পরিকল্পনার
গ) শ্রম বিভাগের ঘ) কর্ম তালিকার — ক

৫১. কাজের অগ্রাধিকার দিতে হবে কী অনুযায়ী? (জ্ঞান)
ক) বয়স খ) সময়
গ) গুরুত্ব ঘ) চাহিদা — গ

৫২. যৌথ কাজে লক্ষণীয় বিষয় কোনটি? (অনুধাবন)
ক) কাজ কম করা খ) কাজ বেশি করা
গ) অন্যের সুবিধা অসুবিধা দেখা
ঘ) মাঝে মাঝে বিশ্রাম নেওয়া — গ

৫৩. সময় তালিকায় কোন সুবিধাটি রাখতে হবে? (উচ্চতর দক্ষতা)
ক) প্রয়োজনে পরিবর্তন করা
খ) হালকা কাজগুলো কম সময়ে করা
গ) ভারি কাজগুলো একসাথে করা
ঘ) সাপ্তাহিক করণীয় কাজগুলো নির্ধারণ করা — ক

৫৪. পরিবারের অনেক লক্ষ্য অর্জিত হয় কোন সম্পদটির যথাযথ ব্যবহারের ফলে? ★ (অনুধাবন) /ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা/
ক) জ্ঞান খ) দক্ষতা
গ) আগ্রহ ঘ) শক্তি — ঘ

৫৫. সীমিত শক্তি দিয়ে অনেক কাজ করা যায় কোনটির মাধ্যমে? (অনুধাবন)
ক) কম সময়ে কাজ করে
খ) কম কাজ করে গ) বেশি পরিশ্রম করে
ঘ) শক্তির সদ্ব্যবহার করে — ঘ

৫৬. শক্তি তাড়াতাড়ি ক্ষয় হয় কীভাবে? (জ্ঞান) /ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা সেনানিবাস/
ক) বেশি ব্যবহার করলে খ) ইচ্ছামতো ব্যবহার করলে
গ) কম ব্যবহার করলে ঘ) কাজে ব্যবহার না করলে — খ

৫৭. কাজে ক্লান্তি লাগার কারণ কোনটি? (অনুধাবন)
ক) শক্তি বেশি অপচয় হলে
খ) শক্তি কম ব্যয় করলে
গ) শক্তি বৃদ্ধি পেলে
ঘ) শক্তি অপচয় না হলে — ক

৫৮. রান্নাঘরের পাশে খাবার ঘর থাকলে শক্তির অপচয় হবে না এটি কীসের উদাহরণ? (অনুধাবন)
ক) সঠিক ব্যবস্থাপনার
খ) সৃজনশীলতার
গ) কাজ সহজকরণের ঘ) সময় পরিকল্পনার — গ

৫৯. সারাদিনের কর্ম তালিকা তৈরি করতে হয় কোনটির ক্ষেত্রে? ★ (অনুধাবন) /সিলভার বেলস গার্লস হাইস্কুল, চট্টগ্রাম/
ক) বাজেট খ) শক্তি পরিকল্পনা
গ) বিনোদন ঘ) অর্থ পরিকল্পনা — খ

৬০. আগ্রহ ও আনন্দের সাথে কাজ সমাপ্ত করা যায় কীভাবে করলে? (অনুধাবন)
ক) দলগতভাবে খ) অবসর সময়ে
গ) ব্যক্তিগত পছন্দ অনুযায়ী
ঘ) বিশ্রামের পর — গ

৬১. পরিবারের সদস্যদের মধ্যে কাজ ভাগ করে দিতে হবে কীভাবে? (অনুধাবন)
ক) চাহিদা অনুযায়ী খ) বয়স অনুযায়ী
গ) সময় অনুযায়ী ঘ) শক্তি অনুযায়ী — খ

৬২. কাজ যথাযথভাবে শেষ করার পর কী হয়? (অনুধাবন)
ক) বিরক্তি সৃষ্টি হয় খ) মানসিক তৃপ্তি আসে
গ) একঘেয়েমি আসে ঘ) অলসতা আসে — খ

৬৩. কাজের স্পৃহা বাড়ায় কোনটি? ★ (জ্ঞান) /রাজশাহী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বেলেনাবাদ/
ক) অর্থ উপার্জন খ) প্রশংসা
গ) মানসিক তৃপ্তি ঘ) অবসর — গ

৬৪. গৃহব্যবস্থাপক শক্তির সদ্ব্যবহার করবেন কীভাবে? (অনুধাবন)
ক) কাজ সহজকরণের মাধ্যমে
খ) অন্যকে দিয়ে কাজ করিয়ে
গ) ভারি কাজ না করে
ঘ) সকলে মিলিত হয়ে কাজ করে — ক

৬৫. কাজ সহজকরণের ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে কোন বিষয়টি? (অনুধাবন) /উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা/
ক) সদস্যদের মধ্যে শ্রমবিভাজন
খ) সকল কাজ নিজে করা
গ) শ্রমলাঘব সরঞ্জাম ব্যবহার না করা
ঘ) বাৎসরিক কাজের তালিকা তৈরি — ক

৬৬. প্রত্যেকটি কাজ নির্ধারিত স্থানে করলে অপচয় রোধ করা যায় কোনটির মাধ্যমে? (অনুধাবন)
ক) অর্থের খ) সময়ের
গ) সরঞ্জামের ঘ) শক্তির — ঘ

৬৭. কোনটি শ্রম লাঘবের সরঞ্জাম? /দি. বো. ২০১০/
ক) বাতি খ) পাখা
গ) টেলিফোন ঘ) বৈদ্যুতিক ইস্ত্রি — ঘ

৬৮. সময়ের সদ্ব্যবহারের ফলে অবদান রাখা যায়— (উচ্চতর দক্ষতা)
i. ব্যক্তিগত ক্ষেত্রে
ii. সামাজিক ক্ষেত্রে
iii. অর্থনৈতিক ক্ষেত্রে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii — ঘ

http://teachingbd.com

৬৯. **সময়ের সদ্ব্যবহারের উদ্দেশ্য হলো—** (অনুধাবন) *[খুলনা কলেজিয়েট গার্লস স্কুল]*
i. কম সময় ব্যয় করে বেশি কাজ করা
ii. সময়ের অপচয় না করা
iii. কম কাজ করে সময় বাঁচানো
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ক**

৭০. **সময় তালিকায় উল্লেখ থাকবে—** (অনুধাবন)
i. কী কী কাজ করব ii. কখন করব
iii. নির্দিষ্ট কাজে কতটুকু সময় ব্যয় করব
**কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৭১. **সময় তালিকা তৈরির উদ্দেশ্য হলো—** (অনুধাবন)
i. সময়ের অপচয় না করা
ii. কাজের গতিশীলতা হ্রাস করা
iii. কম সময়ে বেশি কাজ করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **গ**

৭২. **তুরিন সময় তালিকা অনুসরণ করে কাজ করে। ফলে সে যেসব সুফল পাবে—** ★ (প্রয়োগ) *[বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম]*
i. কাজে দক্ষতা বাড়বে
ii. কাজে গতিশীলতা বাড়বে
iii. সৃজনশীল কাজের সুযোগ পাবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৭৩. **পরিকল্পনাহীন কাজের ক্ষেত্রে সৃষ্টি হয়—** *[স. বো. ২০১৫]*
i. অনীহা ও বিরক্তি
ii. ক্লান্তি ও অবসাদ
iii. উৎসাহ ও উদ্দীপনা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i ,ii ও iii **ক**

৭৪. **শক্তির সদ্ব্যবহারের জন্যে পরিকল্পনার প্রয়োজন—** (অনুধাবন)
i. ক্লান্তি ও বিরক্তি দূর করার জন্যে
ii. শক্তির অপচয় রোধের জন্যে
iii. কাজে বেশি শক্তি ব্যবহারের জন্যে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ক**

৭৫. **শক্তি পরিকল্পনায় বিবেচ্য বিষয় হলো—** (অনুধাবন)
i. বয়স অনুযায়ী কাজ ভাগ করা
ii. কাজের ক্ষেত্রে দুই হাত ব্যবহার করা
iii. একই সময়ে একটি কাজ হাতে নেওয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৭৬. **কাজ সহজকরণের উপায়গুলো হলো—** ★ (অনুধাবন) *[ফয়জুর রহমান আইডিয়াল ইনস্টিটিউট, খিলগাঁও, ঢাকা]*
i. উপযুক্ত স্থানে সরঞ্জাম রাখা
ii. সময় পরিকল্পনা করা
iii. শ্রম বিভাজন করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৭৭. **শক্তি পরিকল্পনায় কাজ ভাগ করতে হবে—** (অনুধাবন)
i. বয়স অনুযায়ী
ii. ব্যক্তিগত পছন্দ অনুযায়ী
iii. আর্থিক সামর্থ্য অনুযায়ী
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ক**

৭৮. **ব্যক্তিগত পছন্দ অনুযায়ী কাজ ভাগ করে দিলে—** ★ (অনুধাবন) *[মনিপুর উচ্চ বিদ্যালয়, ঢাকা]*
i. কাজে আগ্রহ বাড়ে
ii. কাজে সৃজনশীলতা বাড়ে
iii. কাজে আনন্দ পাওয়া যায়
**নিচের কোনটি সঠিক ?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

৭৯. **শক্তির অপচয় রোধ করা যায়—** *[অনুশীলনী-২]*
i. স্বাধীনভাবে কাজ করলে
ii. সরঞ্জাম হাতের নাগালে রাখলে
iii. একই ধরনের কাজ পাশাপাশি করলে
**নিচের কোনটি সঠিক ?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

৮০. **শ্রম লাঘবের সরঞ্জামগুলো হলো—** ★ (অনুধাবন) *[বি এ এফ শাহীন কলেজ, কুর্মিটোলা]*
i. রাইস কুকার
ii. ফ্রিজ
iii. ওয়াশিং মেশিন
**কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **গ**

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৮১ ও ৮২ নং প্রশ্নের উত্তর দাও:**
সুমির রান্নাঘরটি খাবার ঘর থেকে একটু দূরে। টেবিলে খাবার দেওয়ার জন্যে বারবার দুই ঘরে যাতায়াতের কারণে খাবার ঘরটি নোংরা হয়ে যায়। তাই তিনি বারবার ঘরটি মুছে দেন। প্রতিদিন এ কাজগুলো করার পর তিনি বেশ ক্লান্ত হয়ে পড়েন। ★ *[চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়]*

৮১. **সুমি যাতায়াতের ক্লান্তি দূর করতে পারেন—** (প্রয়োগ)
i. শ্রম বিভাজন করে
ii. বাড়ির নকশার পরিবর্তন করে
iii. উপযুক্ত স্থানে সরঞ্জাম রেখে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৮২. **সুমি কীভাবে ঘর মুছলে শক্তি কম খরচ হবে?** (উচ্চতর দক্ষতা)
ক বসে খ দাঁড়িয়ে
গ হাঁটু ভাঁজ করে ঘ সপ্তাহে দুই দিন **খ**

## ★★ পাঠ-৩ অর্থ পরিকল্পনা | Text পৃষ্ঠা-৭

৮৩. **পরিবারের অন্যতম ও প্রধান বস্তুগত সম্পদ কোনটি?** ★ (জ্ঞান) *[এ কে উচ্চ বিদ্যালয়, দনিয়া, ঢাকা]*
ক আসবাবপত্র খ স্বর্ণালঙ্কার
গ অর্থ ঘ পোশাক **গ**

Teachingbd.com

৮৪. অতি প্রয়োজনীয় চাহিদাগুলো অপূর্ণ থেকে যায় কোনটির অভাবে? ★ (অনুধাবন) */সিলভার বেলস গার্লস হাইস্কুল, চট্টগ্রাম/*
(ক) পরিকল্পনার (খ) মূল্যায়নের
(গ) নিয়ন্ত্রণের (ঘ) সংগঠনের **ক**

৮৫. অর্থ পরিকল্পনার প্রধান কৌশল কোনটি? ★ (জ্ঞান) */ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম/*
(ক) সময় তালিকা (খ) শক্তি পরিকল্পনা
(গ) বাজেট (ঘ) সঞ্চয় **গ**

৮৬. বাজেট কী? ★ (জ্ঞান) */সরকারি পি এন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী/*
(ক) অর্থ ব্যয়ের পূর্ব পরিকল্পনা
(খ) অর্থ আয়ের পূর্ব পরিকল্পনা
(গ) অর্থ কম ব্যয়ের পরিকল্পনা
(ঘ) অর্থ সঞ্চয়ের পরিকল্পনা **ক**

৮৭. বাজেটে ব্যয়ের খাতগুলো সাজানো হয় কীসের ভিত্তিতে? (অনুধাবন) */বি এ এফ শাহীন স্কুল এন্ড কলেজ, যশোর/*
(ক) অগ্রাধিকার (খ) পছন্দ
(গ) পরিকল্পনা (ঘ) মূল্য **ক**

৮৮. পরিবারের সদস্যদের মিতব্যয়ী করে কোনটি? (অনুধাবন)
(ক) শক্তি পরিকল্পনা (খ) সময় তালিকা
(গ) বাজেট (ঘ) দলীয় আলোচনা **গ**

৮৯. অর্থ পরিকল্পনার মূল বিষয় কয়টি? ★ (জ্ঞান) */অগ্রগামী সরকারি উচ্চ বিদ্যালয়, সিলেট/*
(ক) ২টি (খ) ৩টি (গ) ৪টি (ঘ) ৫টি **খ**

৯০. আমাদের চাহিদা তৈরি হয় কীসের ভিত্তিতে? ★ (জ্ঞান) */ইস্পাহানি পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম/*
(ক) আয় (খ) সময় (গ) উদ্দেশ্য (ঘ) ব্যয় **গ**

৯১. অর্থ পরিকল্পনার সময় আগে কোনটি স্থির করে নিতে হয়? ★ (অনুধাবন) */বাগেরহাট সরকারি উচ্চ বিদ্যালয়/*
(ক) আয় (খ) লক্ষ্য (গ) ব্যয় (ঘ) চাহিদা **খ**

৯২. অর্থ পরিকল্পনার ক্ষেত্রে পরিবারের সদস্যদের কোন দিকটি বিবেচনা করতে হবে? (অনুধাবন)
(ক) বয়স (খ) প্রয়োজনীয়তা
(গ) দক্ষতা (ঘ) আগ্রহ **খ**

৯৩. পরিকল্পনার মাধ্যমে অর্থ ব্যয়ের সুবিধা কী? (অনুধাবন)
(ক) কম ঋণ করা
(খ) প্রয়োজনের তুলনায় কম ব্যয় করা
(গ) অধিক সামগ্রী ক্রয় করা
(ঘ) অর্থ সংকট দূর করা **ঘ**

৯৪. অর্থ ব্যয়ের তালিকা তৈরি করার সময় দ্রব্যের কোন দিকটি বিবেচনা করতে হবে? (অনুধাবন)
(ক) স্থায়িত্ব (খ) গুণাগুণ
(গ) বাজারদর (ঘ) চাহিদা **গ**

৯৫. বাজেট পরিকল্পনা সফল না হওয়ার কারণ কোনটি? (অনুধাবন)
(ক) বাস্তবায়ন না হওয়া (খ) সংযোজন না হওয়া
(গ) সংশোধন না হওয়া (ঘ) মূল্যায়ন না হওয়া **ক**

৯৬. বাজেট তৈরির শেষ ধাপ কোনটি? (জ্ঞান)
(ক) পরিকল্পনা (খ) নিয়ন্ত্রণ
(গ) মূল্যায়ন (ঘ) মনোযোগ **গ**

৯৭. বাজেটে আয় ও ব্যয় সমান করে মিলে গেলে তাকে কী বলে? ★ (অনুধাবন) */শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, ঢাকা/*
(ক) অসম বাজেট (খ) সুষম বাজেট
(গ) অসীম বাজেট (ঘ) ঘাটতি বাজেট **খ**

৯৮. পরিবারের আয় যদি মাসে পঁচিশ হাজার টাকা হয় এবং বাজেটের খাতগুলোতে যদি ঐ টাকায় সংকুলান হয়ে যায় তাহলে সেটা কোন বাজেট? ★ (অনুধাবন) */বর্ডার গার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট/*
(ক) উদ্বৃত্ত (খ) সুষম
(গ) পরিকল্পিত (ঘ) অসম **খ**

৯৯. সুষম বাজেট তৈরি করা হয় কেন? ★ (অনুধাবন) */বি কে জি সি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ/*
(ক) বাড়তি আয়ের জন্যে
(খ) খরচ কমানোর জন্যে
(গ) আয় ও ব্যয়ের সমতার জন্যে
(ঘ) ব্যয়ের তুলনায় আয় বৃদ্ধির জন্যে **গ**

১০০. যেকোনো পরিবারের জন্যে সবচেয়ে উত্তম বাজেট কোনটি? ★ (অনুধাবন) */বি কে জি সি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ; সিলভার বেলস গার্লস হাইস্কুল, চট্টগ্রাম/*
(ক) অসম (খ) উদ্বৃত্ত (গ) সুষম (ঘ) ঘাটতি **খ**

১০১. আয়ের চেয়ে ব্যয় বেশি কোন বাজেটে? */সি. বো. ২০১৪/*
(ক) উদ্বৃত্ত (খ) ঘাটতি
(গ) সুষম (ঘ) অসম **খ**

১০২. বাড়তি অর্থ থেকে যায় কোন বাজেটে? ★ (অনুধাবন) */লক্ষ্মীপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়/*
(ক) সুষম (খ) উদ্বৃত্ত (গ) ঘাটতি (ঘ) অসম **খ**

১০৩. বিভিন্ন পরিবারের বাজেট বিভিন্ন রকম হতে পারে কোনটির তারতম্যের জন্যে? (জ্ঞান)
(ক) আয়ের (খ) শক্তির
(গ) জ্ঞানের (ঘ) সময়ের **ক**

১০৪. সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে অর্থ ব্যয়ের সুফল হলো— (অনুধাবন)
i. চাহিদা পূরণ করা ii. অর্থের অপচয় রোধ করা
iii. কাউকে ধার দিতে হয় না
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii **ক**

১০৫. অর্থ পরিকল্পনা করতে হলে জ্ঞান থাকতে হবে পরিবারের— (অনুধাবন)
i. মোট আয় সম্পর্কে ii. ব্যয় সম্পর্কে
iii. সদস্যদের সম্পর্কে
কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii **ক**

১০৬. বাজেট তৈরির ফলে পরিবারের সদস্যরা যেসব সুবিধা ভোগ করে— (অনুধাবন)
i. আয়-ব্যয় সম্বন্ধে সঠিক ধারণা হয়
ii. আয় ও ব্যয়ের মধ্যে সমতা রক্ষিত হয়
iii. সঞ্চয়ী হওয়া যায়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii **ঘ**

Teachingbd.com

১০৭. বাজেট করা প্রয়োজন— (অনুধাবন)
i. আয় ব্যয় সমতার জন্যে
ii. অর্থের অপচয় রোধের জন্যে
iii. গুরুত্বপূর্ণ চাহিদা পূরণের জন্যে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

১০৮. বাজেট করার উদ্দেশ্য হলো— (অনুধাবন)
i. আয় বাড়ানো
ii. ব্যয় কমানো
iii. আয় ও ব্যয়ের সমতা রক্ষা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **খ**

১০৯. বাজেটের বাস্তবায়ন দ্বারা গড়ে উঠে— /সি. বো. ২০১৫/
i. মিতব্যয়িতা
ii. অর্থব্যয়ের সদভ্যাস
iii. সঞ্চয়ের অভ্যাস
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

১১০. অর্থ পরিকল্পনার সময় যে বিষয়গুলোর প্রতি গুরুত্ব দিতে হবে—(অনুধাবন)
i. পরিবারের সদস্য সংখ্যা
ii. পরিবারের সদস্যদের উপস্থিতি
iii. পরিবারের সদস্যদের মতামত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **খ**

১১১. অর্থ পরিকল্পনা ব্যর্থ হলে করণীয় হলো— ★ (অনুধাবন) /কক্সবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়/
i. অর্থ পরিকল্পনা থেকে বিরত থাকা
ii. ব্যর্থতার কারণ খুঁজে বের করা
iii. সংশোধনের মাধ্যমে পদক্ষেপ গ্রহণ করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **খ**

১১২. ঘাটতি বাজেট— ★ (অনুধাবন) /মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা/
i. কখনো কাম্য নয় ii. আয় ও ব্যয় সমান করে
iii. ঋণের বোঝা বাড়ায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **গ**

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১১৩ ও ১১৪ নং প্রশ্নের উত্তর দাও:**
৮ম শ্রেণির ছাত্রী সুমিতা লেখাপড়ার পাশাপাশি পরিবারকে সাহায্য করার জন্যে একটি প্রতিষ্ঠানে বিভিন্ন ধরনের হাতের কাজ শেখে। নিজের তৈরি বিভিন্ন নকশা সামগ্রী ব্যবহার করে ঘরকে সাজায়। /অনুশীলনী-৩ ও ৪/

১১৩. সুমিতার মাঝে কোন ধরনের সম্পদের প্রভাব দেখা যায়?
ক অর্থ খ গৃহের সরঞ্জাম
গ সদিচ্ছা ঘ প্রশিক্ষণ প্রতিষ্ঠান **ক**

১১৪. উক্ত সম্পদ ব্যবহারে পরিবারের কোন ধরনের প্রয়োজন মেটানো সম্ভব—
i. আর্থিক
ii. সামাজিক
iii. শিক্ষামূলক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১১৫ ও ১১৬নং প্রশ্নের উত্তর দাও:**
সুগৃহিণী লায়লা প্রতিমাসে তার পরিবারের জন্যে এমনভাবে বাজেট পরিকল্পনা করেন যাতে প্রত্যেক মাসেই তার পরিবারে আয়ের চেয়ে ব্যয় কম হয়। এতে তার পরিবার বাড়তি কিছু সুবিধা পায়। /সি. বো. ২০১৫/

১১৫. লায়লার পারিবারিক বাজেট কোন ধরনের বাজেট?
ক সুষম খ দৈনিক
গ উদ্বৃত্ত ঘ ঘাটতি **গ**

১১৬. লায়লার পরিবারের সদস্যরা যে বাড়তি সুবিধাগুলো পায় তা হলো—
i. বাড়তি শখ পূরণ করা
ii. সঞ্চয়ের পরিমাণ বাড়াতে পারা
iii. আয়ের পরিমাণ জানতে পারা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১১৭ ও ১১৮ নং প্রশ্নের উত্তর দাও:**
সালমা স্বল্প আয়ের গার্মেন্টিস্ কর্মী। সে মাসে যে অর্থ উপার্জন করে তাতে তার সংসার চালানো কষ্টকর হয়ে পড়ে। মাসের শুরুতে অর্থের খরচ বেশি করার কারণে অনেক সময় মাসে ধারকর্জ করে চলতে হয়। ★
/আর্মড পুলিশ ব্যাটালিয়ান পাবলিক স্কুল এন্ড কলেজ, বগুড়া/

১১৭. পরিবারের লক্ষ্যসমূহ অর্জন করার জন্য সালমার কী করা উচিত? (প্রয়োগ)
ক অর্থ পরিকল্পনা করা খ আয় বৃদ্ধি করা
গ ব্যাংক থেকে ঋণ নেওয়া
ঘ ধার পরিশোধ না করা **ক**

১১৮. সালমা বাজেট তৈরির মাধ্যমে যে সুবিধা পাবে— (উচ্চতর দক্ষতা)
i. আয় ও ব্যয়ের মধ্যে সমতা রক্ষা করতে পারবে
ii. মিতব্যয়ী হতে শেখাবে
iii. তুলনামূলক অধিক চাহিদাগুলো আগে পূরণ করতে পারবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

## ★ পাঠ-৪ পরিবারের যৌথ সম্পদের সুষ্ঠু ব্যবহার
| Text পৃষ্ঠা-৯

১১৯. পরিবারের যৌথ সম্পদ কোনটি? ★ (জ্ঞান) /নবাবগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁপাইনবাবগঞ্জ/
ক গহনা খ পোশাক
গ বাতি ঘ মোবাইল ফোন **গ**

১২০. কোন সম্পদ ব্যবহারে সামান্য অসতর্কতার ফলে সদস্যদের মধ্যে মনোমালিন্যের সৃষ্টি হয়? (অনুধাবন)
ক মূল্যবান সম্পদ খ যৌথ সম্পদ
গ বস্তুগত সম্পদ ঘ মানবীয় সম্পদ **খ**

১২১. পরিবারের সদস্যদের ব্যক্তিগত স্বার্থত্যাগের জন্য মানসিক প্রস্তুতি থাকতে হবে। এর যথার্থ কারণ কোনটি? (উচ্চতর দক্ষতা)
ক সম্পদের সুষ্ঠু পরিকল্পনা
খ পারিবারিক যৌথ সম্পদের সুষ্ঠু ব্যবহার
গ পারিবারিক সুসম্পর্ক
ঘ মানবিক মূল্যবোধ **খ**

http://teachingbd.com

১২২. যৌথ সম্পদের সুষ্ঠু ব্যবহারের জন্যে কেমন মনোভাব থাকা দরকার? ★ (অনুধাবন) /সিলভার বেলস গার্লস হাইস্কুল, চট্টগ্রাম/
ক) স্বার্থ ত্যাগের খ) প্রতিযোগিতামূলক
গ) সহমর্মিতামূলক ঘ) সহযোগিতামূলক **ক**

১২৩. পারিবারিক যৌথ সম্পদের সুষ্ঠু ব্যবহারের লক্ষ্যে কোনটি প্রয়োজন? ★ (অনুধাবন) /উত্তরা হাই স্কুল, ঢাকা/
ক) সহমর্মিতা ও দায়িত্বশীলতা
খ) সমঝোতা ও সহনশীলতা
গ) আন্তরিকতা ও পরিমিতিবোধ
ঘ) স্বার্থপরতা ও সুসম্পর্ক **খ**

১২৪. সেজুতি অনেক রাত পর্যন্ত পড়ে, একই রুমে তার বোন তাড়াতাড়ি ঘুমিয়ে পড়ে। এক্ষেত্রে বাতির পরিবর্তে সেজুতি কোনটি ব্যবহার করবে? (প্রয়োগ)
ক) টর্চ খ) টেবিল ল্যাম্প
গ) মোমবাতি ঘ) চার্জার **খ**

১২৫. তিন্নি আর তার দাদি এক রুমে থাকে। তার দাদি অসুস্থ থাকায় পাখার বেশি বাতাসে তার ক্ষতি হয়। এ অবস্থায় তিন্নির করণীয় কী? (প্রয়োগ)
ক) দাদিকে বারান্দায় রাখা
খ) আস্তে পাখা চালানো
গ) ঘরের কোণায় বসা
ঘ) পাখা বন্ধ রাখা **খ**

১২৬. বাড়িতে খবরের কাগজ আগে পড়বে কারা? (অনুধাবন)
ক) যারা বাড়িতে থাকবে
খ) যারা বেশি কাজ করে
গ) যারা বাইরে যাবে
ঘ) যারা বাড়ির ছোট সদস্য **গ**

১২৭. পত্রিকার উত্তেজনাপূর্ণ খবর উপভোগ করা যায় কীভাবে? ★ (জ্ঞান) /বি কে জি সি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ/
ক) পর্যায়ক্রমে পড়ার মাধ্যমে
খ) একজন জোরে পড়ার মাধ্যমে
গ) অবসর সময়ে পড়ার মাধ্যমে
ঘ) সমঝোতার মাধ্যমে **খ**

১২৮. যোগাযোগের অন্যতম সহজ মাধ্যম কোনটি? (অনুধাবন)
ক) খবরের কাগজ খ) চিঠি
গ) টেলিগ্রাম ঘ) টেলিফোন **ঘ**

১২৯. টেলিফোন ব্যবহারের ক্ষেত্রে পরিবারের সদস্যদের মনে রাখতে হবে কোনটি? (অনুধাবন)
ক) ইচ্ছামতো ব্যবহার করা যাবে
খ) বেশিক্ষণ কথা বলা যাবে
গ) শুধু প্রয়োজনে ব্যবহার করতে হবে
ঘ) কেবল বড়রা ব্যবহার করবে **গ**

১৩০. টয়লেট পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে সচেতন থাকতে হবে কাদের? ★ (অনুধাবন) /গাজীপুর ক্যান্টনমেন্ট বোর্ড আদর্শ উচ্চ বিদ্যালয়/
ক) ছোটদের খ) বড়দের
গ) মহিলাদের ঘ) পরিবারের সকলের **ঘ**

১৩১. কলতলার কোথায় বসে কাজ করলে সুবিধা হয়? (জ্ঞান)
ক) কলের ঠিক নিচে খ) আলাদা জায়গায়
গ) নিজ সুবিধামতো ঘ) অন্যের পছন্দমতো **খ**

১৩২. কলতলার পানির অপচয় বন্ধ করা যায় কীভাবে? ★ (অনুধাবন) /বি কে জি সি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ/
ক) কাজ শেষে কল বন্ধ করে
খ) পানি কম খরচ করে
গ) প্রতিযোগিতা করে ঘ) পানি ব্যবহার না করে **ক**

১৩৩. কাজের সুবিধার জন্যে কলতলা সবসময় কেমন রাখতে হবে? (অনুধাবন)
ক) ভেজা খ) পরিষ্কার
গ) স্যাঁতসেঁতে ঘ) শুকনো **ঘ**

১৩৪. কুয়ার চারপাশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার দায়িত্ব কাদের? ★ (অনুধাবন) /ইবনে তাইমিয়া স্কুল এন্ড কলেজ, কুমিল্লা/
ক) সকলের খ) প্রতিবেশীদের
গ) কাজের লোকের ঘ) গৃহব্যবস্থাপকের **ক**

১৩৫. যৌথ সম্পদ ব্যবহারে পরিবারের সদস্যদের আচরণে থাকা উচিত— (জু. স্কু. সা. প.-১২)
i. প্রতিযোগিতা, আত্মকেন্দ্রিকতা
ii. সহনশীলতা, উদারতা
iii. সমঝোতা, আন্তরিকতা
নিচের কোনটি সঠিক ?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii **খ**

১৩৬. ছোটরা খবরের কাগজ পড়বে— (অনুধাবন)
i. সমবেতভাবে ii. সবার আগে
iii. পর্যায়ক্রমে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii **গ**

১৩৭. টেলিফোন অনেকক্ষণ আটকে রাখলে— ★ (অনুধাবন) /ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম/
i. বাইরের জরুরি যোগাযোগে বিঘ্ন ঘটবে
ii. পরিবারের অন্যের প্রয়োজনের বিঘ্ন ঘটবে
iii. পরিবারে মনোমালিন্য দেখা দিবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii **ঘ**

১৩৮. কলতলা সবসময় পরিষ্কার রাখতে হয়— (অনুধাবন)
i. কাজের সুবিধার জন্য
ii. দুর্ঘটনা এড়ানোর জন্য
iii. জীবাণুমুক্ত রাখার জন্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii **ঘ**

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩৯ ও ১৪০ নং প্রশ্নের উত্তর দাও:
যৌথ পরিবারের মেয়ে রুমা স্কুল থেকে ফিরে পানি খেতে যায়। ঘরে পানি না পেয়ে সে কলতলায় পানি আনতে যেয়ে পা পিছলে পড়ে প্রচণ্ড ব্যথা পায়। /স. বো. ২০১৪/

১৩৯. রুমার দুর্ঘটনার জন্য দায়ী—
i. সাবধানতা ii. দায়িত্বহীনতা
iii. অসচেতনতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii **গ**

১৪০. রুমার পরিবারের সদস্যদের নিরাপত্তার জন্য করণীয়—
i. সমঝোতার মাধ্যমে কাজ করা
ii. কলের নিচে বসে কাজ করা
iii. কাজ শেষে কল বন্ধ রাখা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii **খ**

Teachingbd.com